**প্রেস রিলিজ**

তারিখ: ০৩ জুলাই ২০২৬

## দেশব্যাপী বাউবি'র এমএড প্রোগ্রামের নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) পরিচালিত স্কুল অব এডুকেশনের অধীনে মাস্টার অব এডুকেশন (এমএড) প্রোগ্রামের ২০২৬–২০২৭ শিক্ষাবর্ষের (২০২৬ ব্যাচ) প্রথম সেমিস্টারে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠান আজ ০৩ জুলাই ২০২৬ তারিখে দেশের বিভিন্ন স্টাডি সেন্টারে একযোগে উৎসবমুখর ও প্রাণবন্ত পরিবেশে অনুষ্ঠিত হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাস ও দেশের বিভিন্ন প্রান্তের ১৯টি গুরুত্বপূর্ণ স্টাডি সেন্টারে (অধীনস্থ কেন্দ্রসহ) এই সমন্বিত ওরিয়েন্টেশন প্রোগ্রাম আয়োজিত হয়। ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হওয়া স্টাডি সেন্টারগুলো হলো— সরকারি টিচার্স Training কলেজ (চট্টগ্রাম), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (ঢাকা), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (বরিশাল), প্রাইমারী টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট (পিটিআই, বগুড়া), পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ, বগুড়া), দিনাজপুর সরকারি কলেজ (দিনাজপুর), সিরাজগঞ্জ সরকারি কলেজ (সিরাজগঞ্জ), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (সিলেট), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (রংপুর), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (যশোর), ডা. আব্দুর রাজ্জাক মিউনিসিপ্যাল কলেজ (যশোর), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (পাবনা), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (কুমিল্লা), বাউবি ক্যাম্পাস মডেল স্টাডি সেন্টার (গাজীপুর), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (ময়মনসিংহ), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (মহিলা, ময়মনসিংহ), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (খুলনা), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (ফেনী), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (রাজশাহী) এবং সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (ফরিদপুর)।

উক্ত অনুষ্ঠানসমূহে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এডুকেশনের সম্মানিত ডিন এবং সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষকবৃন্দ প্রধান অতিথি ও প্রধান রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন। এর মধ্যে সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, চট্টগ্রাম কেন্দ্রে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাউবি'র স্কুল অব এডুকেশনের ডিন ও অধ্যাপক আমিরুল ইসলাম। এছাড়াও ঢাকা কেন্দ্রে স্কুল অব এডুকেশনের অধ্যাপক ড. সোয়াইব আহমেদ; বরিশাল কেন্দ্রে স্কুল অব এডুকেশনের অধ্যাপক ড. লাভলী আখতার ডলি; পিটিআই বগুড়া কেন্দ্রে স্কুল অব এডুকেশনের অধ্যাপক মো: আনোয়ারুল ইসলাম; পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) বগুড়া কেন্দ্রে স্কুল অব এডুকেশনের সহযোগী অধ্যাপক এমএস সাকিবা ফেরদৌসী; দিনাজপুর সরকারি কলেজ কেন্দ্রে স্কুল অব এডুকেশনের সহযোগী অধ্যাপক জনাব মো: জহুরুল ইসলাম; সিরাজগঞ্জ সরকারি কলেজ কেন্দ্রে স্কুল অব এডুকেশনের সহযোগী অধ্যাপক জনাব আবু nাসের মোহাম্মদ তোফায়েল হোসেন; সরকারি টিচার্স ট্রেনিং কলেজ সিলেট কেন্দ্রে এবং সরকারি টিচার্স ট্রেনিং কলেজ রংপুর কেন্দ্রে স্কুল অব এডুকেশনের সহযোগী অধ্যাপক ড. মো: আরিফ উজ জামান; সরকারি টিচার্স ট্রেনিং কলেজ যশোর ও ডা. আব্দুর রাজ্জাক মিউনিসিপ্যাল কলেজ যশোর কেন্দ্রে স্কুল অব এডুকেশনের সহযোগী অধ্যাপক জনাব মোহাম্মদ রেজাউল ইসলাম; সরকারি টিচার্স ট্রেনিং কলেজ পাবনা কেন্দ্রে স্কুল অব এডুকেশনের সহকারী অধ্যাপক এমএস প্রগতি দাস; সরকারি টিচার্স ট্রেনিং কলেজ কুমিল্লা ও বাউবি ক্যাম্পাস মডেল স্টাডি সেন্টার গাজীপুর কেন্দ্রে স্কুল অব এডুকেশনের সহকারী অধ্যাপক এমএস রুবাইয়া রহমান; সরকারি টিচার্স ট্রেনিং কলেজ ময়মনসিংহ ও সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (মহিলা) ময়মনসিংহ কেন্দ্রে স্কুল অব এডুকেশনের সহকারী অধ্যাপক জনাব মো: সাব্বির হোসেন; সরকারি টিচার্স ট্রেনিং কলেজ খুলনা কেন্দ্রে স্কুল অব এডুকেশনের প্রভাষক জনাব মো: আরিফ ফয়সল; সরকারি টিচার্স ট্রেনিং কলেজ ফেনী কেন্দ্রে স্কুল অব এডুকেশনের প্রভাষক এমএস অনুশ্রী ঘোষ; সরকারি টিচার্স ট্রেনিং কলেজ রাজশাহী কেন্দ্রে বাউবি'র

ওপেন স্কুলের অধ্যাপক ড. মো: চেঙ্গিশ খান এবং সরকারি টিচার্স ট্রেনিং কলেজ ফরিদপুর কেন্দ্রে বাউবি'র ওপেন স্কুলের অধ্যাপক ড. মহা. আমিরুল ইসলাম প্রধান রিসোর্স পারসন হিসেবে সেশন পরিচালনা করেন।
সংশ্লিষ্ট স্টাডি সেন্টারসমূহের অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও সমন্বয়কারীগণের সভাপতিত্বে অনুষ্ঠিত এই ওরিয়েন্টেশন প্রোগ্রামগুলোতে বিশেষ অতিথি ও রিসোর্স পারসন হিসেবে বক্তব্য রাখেন বাউবি'র বিভিন্ন আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক, উপ-আঞ্চলিক প্রধান এবং এমএড প্রোগ্রামের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ।
অনুষ্ঠানে বক্তারা বলেন, বর্তমান বিশ্বে একজন দক্ষ ও যুগোপযোগী শিক্ষক গড়ে তুলতে উচ্চশিক্ষা, গবেষণা, তথ্যপ্রযুক্তির কার্যকর ব্যবহার এবং নৈতিক মূল্যবোধের সমন্বয় অপরিহার্য। তাঁরা নবীন শিক্ষার্থীদের জ্ঞানচর্চা, গবেষণা ও পেশাগত দক্ষতা উন্নয়নের মাধ্যমে আধুনিক শিক্ষা ব্যবস্থার চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত হওয়ার আহ্বান জানান।
প্রধান অতিথিবৃন্দ তাঁদের বক্তব্যে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রযুক্তিনির্ভর, নমনীয় ও শিক্ষার্থী-কেন্দ্রিক দূরশিক্ষণ শিক্ষা ব্যবস্থার বিভিন্ন দিক তুলে ধরেন। একই সাথে তাঁরা এমএড প্রোগ্রামের পাঠ্যক্রম, মূল্যায়ন পদ্ধতি, টিউটোরিয়াল কার্যক্রম, অ্যাসাইনমেন্ট, পরীক্ষা, অনলাইন শিক্ষা কার্যক্রম এবং একাডেমিক শৃঙ্খলা সম্পর্কে শিক্ষার্থীদের বিস্তারিত দিকনির্দেশনা প্রদান করেন।
আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের বিশেষ অতিথিবৃন্দ তাঁদের বক্তব্যে বলেন, "শিক্ষকতা পেশায় গুণগত পরিবর্তন আনতে আজীবন শিক্ষা, গবেষণা ও প্রযুক্তির ব্যবহার অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাউবি'র এমএড প্রোগ্রামের মাধ্যমে শিক্ষার্থীরা দক্ষ, গবেষণামুখী ও ভবিষ্যৎ শিক্ষা leadership গড়ে তুলতে সক্ষম হবে।"
দেশজুড়ে আয়োজিত এই অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের আন্তরিকভাবে স্বাগত জানানো হয় এবং তাঁদের সফল একাডেমিক জীবন কামনা করা হয়। ওরিয়েন্টেশন শেষে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা বাউবির শিক্ষা কার্যক্রম, একাডেমিক নিয়মাবলি ও শিক্ষা-সহায়ক বিভিন্ন ডিজিটাল সেবা সম্পর্কে প্রয়োজনীয় তথ্য ও দিকনির্দেশনা লাভ করে গভীর সন্তোষ প্রকাশ করেন।
এ সময় প্রতিটি কেন্দ্রে সংশ্লিষ্ট স্টাডি সেন্টারের শিক্ষকবৃন্দ, বাউবি'র বিভিন্ন আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তাগণ এবং এমএড প্রোগ্রামের বিপুল সংখ্যক নবীন শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)